



বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
(জাতীয় পর্যটন সংস্থা)

লেভেল-৩, বিল্ডিং-২, বি এস এল অফিস কমপ্লেক্স
(হোটেল ইন্টারকন্টিনেন্টাল), ১ মিন্টো রোড, ঢাকা-১০০০



ইনবাউন্ড ট্যুর অপারেটরগণের (Inbound Tour Operator) কর্মশালায় অংশগ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

দেশে-বিদেশে বাংলাদেশের পর্যটন শিল্পের বিকাশ ও বিপণন, পর্যটন শিল্পে নিয়োজিত অংশীজন (Stakeholder) ও বিদেশী পর্যটকদের সাথে সরাসরি যোগাযোগ স্থাপন এবং দেশের অভ্যন্তরে বিদেশী পর্যটকদের নিরাপদ, স্বাচ্ছন্দ ও আনন্দময় ভ্রমণ সুবিধাদি নিশ্চিতকরণসহ পর্যটন শিল্পের সেবার মানোন্নয়নের লক্ষ্যে ইনবাউন্ড ট্যুর অপারেটরবৃন্দ অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব সম্পাদন করছেন। বাংলাদেশে পর্যটনের অধিকতর বিকাশ সাধন, বিদেশী পর্যটকদের জন্য দেশ/অঞ্চল ভিত্তিক পর্যটন আকর্ষণ চিহ্নিতকরণ ও উন্নয়ন, নতুন নতুন সুবিধা সৃষ্টি ও দক্ষতাবৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক ইনবাউন্ড ট্যুর অপারেটরদের অংশগ্রহণে একটি কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লিখিত কর্মশালাটি সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব হলে, কর্মশালার মাধ্যমে চিহ্নিত সুপারিশ সমূহের সফল প্রয়োগে ইনবাউন্ড ট্যুর অপারেটরবৃন্দের মধ্যে পারস্পরিক সমন্বয় সাধন, দেশ/অঞ্চল ভিত্তিক পর্যটন পণ্য চিহ্নিতকরণ ও উন্নয়ন, দক্ষতার সাথে বিদেশী পর্যটকদের সেবা প্রদান এবং বাংলাদেশ ভ্রমণে বিদেশী পর্যটকদের উৎসাহিত করার ক্ষেত্রে গতিশীলতা বৃদ্ধি পাবে।

০২। কর্মশালাটি লক্ষ্য ভিত্তিক (Target Oriented), অর্থপূর্ণ ও অংশগ্রহণমূলক করার লক্ষ্যে ইনবাউন্ড ট্যুর অপারেটরবৃন্দদেরকে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে নিম্নবর্ণিত ছকমোতাবেক তথ্যপূরণ পূর্বক আগামী ২০/১০/১৯ তারিখের মধ্যে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের পরিচালক (প্রশাসন ও অর্থ) বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো:

ছক- 'ক'

পর্যটন আগমন সংক্রান্ত তথ্য (পূর্ববর্তী ৩-৫ বছর)

Year	Country (Top Five)	Number of Tourists	Remittance (with evidence)	Remarks

ছক- 'খ'

দেশ/অঞ্চল ভিত্তিক পর্যটন পণ্য চিহ্নিত করণ প্রস্তাবনা

Serial	Country/Region	Tourism Product	Marketing Plan

০৩। উল্লিখিত ছক দুটি হার্ডকপি আকারে অথবা ad.mkt@btb.gov.bd মেইলে প্রেরণ করা যাবে। তথ্য পাওয়ার পরে কর্মশালার তারিখ চূড়ান্ত করে সবাইকে অবহিত করা হবে। তথ্য প্রেরণ বা ছক পূরণের বিষয়ে কোনরূপ ব্যাখ্যা আবশ্যিক হলে জনাব মহিবুল ইসলাম, সহকারী পরিচালক (ফোকাল পয়েন্ট) (০১৫১৫ ২০১ ১১৬) এর সাথে ফোনলাপ করা যাবে।

০৪। এ বিষয়ে ইনবাউন্ড ট্যুর অপারেটরদের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করা যাচ্ছে।

স্বাক্ষরিত

(মো: সাইফুল ইসলাম)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

যুগ্ম সচিব

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

ফোন: ০২ ৫৮৩১ ৫৯৫৪